

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৭৭৬

৮/ সাওম (রোজা) (ﷺ) পরিচ্ছেদঃ সাওমে বিসাল না জায়িজ।

باب مَا جَاءَ فِي كَرَاهِيَةِ الْوِصَالِ لِلصَّائِمِ

আরবী

حَدَّثَنَا نَصِرُ بْنُ عَلِيٍّ، حَدَّثَنَا بِشِرُ بْنُ الْمُفَضَلَ، وَخَالِدُ بْنُ الْحَارِثِ، عَنْ سَعِيدِ بْنِ أَبِي عَرُوبَةَ، عَنْ قَتَادَةَ، عَنْ أَنسٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " لاَ تُوَاصِلُوا ". قَالُوا فَإِنَّكَ تُوَاصِلُ يَا رَسُولَ اللَّهِ . قَالَ " إِنِي لَسْتُ كَأَحَدِكُمْ إِنَّ رَبِّي يُطْعِمُنِي وَيَسْقِينِي " قَالُوا فَإِنَّكَ تُوَاصِلُ يَا رَسُولَ اللَّهِ . قَالَ " إِنِي لَسْتُ كَأَحَدِكُمْ إِنَّ رَبِّي يُطْعِمُنِي وَيَسْقِينِي " . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَلِي وَأَبِي هُرَيْرَةَ وَعَائِشَةَ وَابْنِ عُمَرَ وَجَابِرٍ وَأَبِي سَعِيدٍ وَبَشِيرِ ابْنِ الْخَصَاصِيَةِ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَنسٍ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ اللّهِ بْنِ الزُّبَيْرِ أَنّهُ كَانَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ كَرِهُوا الْوِصَالَ فِي الصَيِّيَامِ . وَرُويَ عَنْ عَبْدِ اللّهِ بْنِ الزُّبَيْرِ أَنّهُ كَانَ يُواصِلُ الْأَيَّامَ وَلاَ يُفْطِرُ .

বাংলা

৭৭৬. নাসর ইবনু আলী (রহঃ) আনাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন তোমরা সাওমে বিসাল করবে না। সাহাবীগণ বললেন, ইয়া রাসূলাল্লাহ! আপনি তো সাওমে বিসাল পালন করেন। তিনি বললেন, আমি তো তোমাদের কারো মত নই। আমার রব আমাকে আহার দেন এবং আপনাকে পান করান। - বুখারি, তিরমিজী হাদিস নম্বরঃ ৭৭৮ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আলী, আবূ হুরায়রা, আয়িশা, ইবনু উমার, জাবির, আবূ সাঈদ এবং বাশীর ইবনু খাসাসিয়া (রাঃ) থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, আনাস (রাঃ) বর্ণিত এই হাদীসটি হাসান-সহীহ। কতক আলিম এই হাদীস অনুসারে আমল গ্রহন করেছেন। তারা সাওমে বিসাল অপছন্দনীয় বলে মত ব্যক্ত করেছেন। আবদুল্লাহ ইবনু যুবায়র (রাঃ) থেকে বর্ণিত আছে যে, তিনি একাধিক দিন সাওম বিসাল করতেন; মাঝে ইফতার করতেন না।

English



Anas narrated that:

the Messenger of Allah said: "Do not perform Wisal" They said: "But you perform Wisal O Messenger of Allah." He said: "I am not like you are, indeed my Lord feeds me and gives me to drink."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন